দৈনিক ইনকিলাব

তারিখ MAR 19 1999
পৃষ্ঠা ৩ কলাম ৫

117

## মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে ষড়যন্ত্রের প্রতিবাদে ২১ মার্চ ইসলামী ছাত্র পরিষদের সমাবেশ ও মিছিল

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে ষড়যন্ত্রের প্রতিবাদে এবং মাদ্রাসা শিক্ষার জন্য পৃথক মন্ত্রণালয়, ডাইরেক্টরেট, টেক্সবুক বোর্ড, জাতীয় ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাসহ অবিলম্বে আলিম, ফাযিল মাদ্রাসার প্রিন্সিপালদের সুপার বলার সার্কুলার প্রত্যাহার করে মঞ্জুরিপ্রাপ্ত সকল এবতেদায়ী মাদ্রাসার অনুদান প্রদান, সর্বস্তরে ফাযিলকে স্নাতক, কামিলকে স্নাতকোত্তরের মান প্রদান করে মাদ্রাসা শিক্ষিতদের জাতীয় সাত দফা কার্যকর করার দাবীতে আগামী ২১ মার্চ (রবিবার) সকাল ১০টায় পল্টন ময়দানে বাংলাদেশ ইসলামী ছাত্র পরিষদ (আইসিপি)-এর উদ্যোগে বিশাল ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হবে। সমাবেশ থেকে একটি 'বিক্ষোভ মিছিল' প্রধানমন্ত্রীর নিকট স্মারকলিপি প্রদান করতে উক্ত সমাবেশ ও মিছিলে সর্বস্তরের মাদ্রাসা ছাত্র/শিক্ষক ও ঈমানদার ভাইদের উপস্থিত থাকার জন্য আইসিপির নেতৃবৃন্দ উদাত্ত আহ্বান জানিয়েছে।